যায়যায়দিন

তারিখ ... JUL 15 2006 ...
পৃষ্ঠা ... কলাম ...

এগিয়ে চলেছে ল্যাঙ্গুয়েজ ল্যাব স্থাপনের প্রক্রিয়া

স্বপন খন্দকার বরিশাল

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের বিদেশি ভাষা প্রশিক্ষণ প্রকল্পের আওতায় বরিশালে ল্যাঙ্গুয়েজ ল্যাব স্থাপনের প্রক্রিয়া শুরু হয়েছে। এ লক্ষ্যে নির্ধারিত স্থান বরিশাল বিএম কলেজে অবকাঠামো গড়ে তোলার কাজ শুরু হয়েছে। কলেজের প্রশাসনিক দফতর সূত্র জানায়, ইতিমধ্যে ২ বিষয়ের (ইংরেজি ও আরবি) জন্য মোট ৭ শিক্ষকের নাম প্রস্তাবাকারে প্রকল্প পরিচালকের নিকট পাঠানো হয়েছে। এছাড়া ল্যাংগুয়েজ ল্যাবের জন্য একটি আধুনিক ক্লাস রুম, ভাষা চর্চার জন্যে একটি লাইব্রেরি, একটি সেমিনার রুম ও রিসোর্স পার্সনদের বসার জন্যে নির্ধারিত কক্ষসহ অন্যান্য অবকাঠামো তৈরির উদ্যোগ নিয়েছে কলেজ কর্তৃপক্ষ।

উল্লেখ্য, বিদেশি ভাষা শেখার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর দেশের ১০টি স্থানে 'ল্যাংগুয়েজ ল্যাব' স্থাপনের উদ্যোগ নিয়েছে।

যে সব শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাংগুয়েজ ল্যাব হচ্ছে- সেগুলো হলো ঢাকা আলিয়া মাদ্রাসা, চট্টগ্রাম কলেজ, রাজশাহী কলেজ, খুলনা বিএল কলেজ, বরিশাল বিএম কলেজ, সিলেট এমসি কলেজ, কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ, যশোর এমএম কলেজ, বগুড়া আজিজুল হক কলেজ ও কিশোরগঞ্জ গুরুদয়াল কলেজ।

প্রকল্প পরিকল্পনা অনুযায়ী প্রাথমিকভাবে ল্যাংগুয়েজ ল্যাবরেটরিগুলোতে ইংরেজি ও আরবি ভাষা বিষয়ে প্রশিক্ষণ দেয়া হবে। কলেজ পর্যায়ের যে কোনো শ্রেণীর শিক্ষার্থীরা ল্যাংগুয়েজ র‍্যাবরেটরিতে প্রশিক্ষণের সুযোগ পাবে। সংশ্লিষ্ট সূত্র জানায়, যেসব কলেজে ল্যাংগুয়েজ ল্যাব হচ্ছে সংশ্লিষ্ট কলেজের প্রধানগণ ল্যাবের প্রধান হবেন। একই শিক্ষা প্রতিষ্ঠানের ইংরেজি, আরবি ও ইসলামী শিক্ষা বিভাগের শিক্ষকরা ল্যাংগুয়েজ ল্যাবের প্রশিক্ষক ও রিসোর্স পার্সন হিসেবে দায়িত্ব পালনের সুযোগ পাবেন। সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের অধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের প্রকল্প পরিচালক (উপ-সচিব) স্বাক্ষরিত এক সার্কুলার সংশ্লিষ্ট কলেজগুলোতে এসে পৌঁছে। উক্ত কেন্দ্রসমূহে রিসোর্স পার্সন হিসেবে ক্লাস নিতে কিংবা ভাষা প্রশিক্ষক হিসেবে প্রেষণে নিয়োগ পেতে আগ্রহী প্রার্থীদের আজ ১৫ জুলাইয়ের মধ্যে প্রকল্প পরিচালকের নিকট নাম জমা দিতে বলা হয়েছে।